

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২২, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিধি-৪ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ০৭ ভাদ্র ১৪২৯/২২ আগস্ট ২০২২

নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০-১৮২—সরকার আগামী ২৪ আগস্ট ২০২২ তারিখ হইতে দেশের সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নরূপভাবে নির্ধারণ করিল :

(ক) রবিবার হইতে বৃহস্পতিবার	সকাল ৮:০০ ঘটিকা হইতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত।
(খ) শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি।

২। জরুরি পরিষেবাসমূহ নূতন অফিস সময়সূচির আওতা বহির্ভূত থাকিবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সময়সূচি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ নির্ধারণ করিবে।

৪। ব্যাংক, বিমা, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের দাপ্তরিক সময়সূচি সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। উল্লেখ্য, এই বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মেহেদী উল-সহিদ  
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ১৪৫০৭ )

মূল্য : টাকা ৪.০০